

গ্রীক শিক্ষাবিদদের সঙ্গে প্রধানমন্ত্রীর বৈঠক

25শে আগস্ট, 2023

প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী এথেন্স বিশ্ববিদ্যালয়ের ইন্ডোলজিস্ট এবং সংস্কৃত ও হিন্দি র অধ্যাপক দিমিত্রিওস ভাসিলিয়াদিস এবং এথেন্স বিশ্ববিদ্যালয়ের সামাজিক ধর্মতত্ত্ব বিভাগের সহকারী অধ্যাপক ডঃ অ্যাপোস্টোলোস মিচাইলিডিসের সঙ্গে ২৫ শে আগস্ট ২০২৩ এ এথেন্সে সাক্ষাৎ করেন।

২. তাঁরা ভারতীয় ধর্ম, দর্শন ও সংস্কৃতি নিয়ে তাঁদের কাজ সম্পর্কে প্রধানমন্ত্রীকে অবহিত করেন।

৩. ভারতীয় ও গ্রীক বিশ্ববিদ্যালয়গুলির মধ্যে একাডেমিক সহযোগিতা আরও গভীর করার সম্ভাবনা এবং ভারত-গ্রীস সাংস্কৃতিক সম্পর্ককে আরও জোরদার করার উপায়গুলির উপর আলোচনা করা হয়েছিল।

এথেন্স

25শে আগস্ট, 2023